



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.০১৯.২০২০/৪২/৬

তারিখ: ৫/০১/২০২১ খ্রি:

বিষয়ঃ কুমিল্লা জেলার ব্রাহ্মণপাড়া উপজেলাধীন গোপালনগর আদর্শ কলেজের প্রভাষক (বাংলা) জনাব মোহাম্মদ ফোরকানুল ইসলাম-এর এমপিওভুক্ত সংক্রান্ত।

- সূত্রঃ ১. শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৪.০২৭.০১২.(কুমিল্লা).২০১৩.১৭৪, তারিখ: ২৮.১০.২০২০ খ্রি.
২. রিট পিটিশন নং ৯৩৩/২০২০
৩. মাউশি অধিদপ্তরের স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.২৭.০২৬.১৯.২৩৫, তারিখ: ২০/০৭/২০২০ খ্রি.
৪. শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭৪.০২৯.০০১.২০২০.২১০, তারিখ: ২৪.১২.২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের সূত্রোক্ত ১ নং স্মারক মোতাবেক কুমিল্লা জেলার ব্রাহ্মণপাড়া উপজেলাধীন গোপালনগর আদর্শ কলেজের প্রভাষক (বাংলা) জনাব মোহাম্মদ ফোরকানুল ইসলাম-এর এমপিওভুক্তির বিষয়ে মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং ৯৩৩/২০২০ এর আদেশ এবং এনটিআরসিএ কর্তৃক পূর্বে সুপারিশকৃত প্রভাষক (বাংলা), জনাব মোছা: মমতাজ বেগম এর দাখিলকৃত কাগজপত্র যাচাইপূর্বক সুস্পষ্ট প্রস্তাবসহ পরবর্তী করণীয় বিষয়ে মতামত প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হয়। শিক্ষা মন্ত্রণালয়ের পত্রের আলোকে অত্র অধিদপ্তরের স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.০১৯.২০২০/১৩১০, তারিখ: ২৪/১১/২০২০খ্রি. মোতাবেক বর্ণিত বিষয়ে নির্দেশনা চেয়ে পত্রের জবাব প্রেরণ করা হয়। উল্লিখিত পত্রে এনটিআরসিএ কর্তৃক পূর্বে সুপারিশকৃত বাংলা বিষয়ের প্রভাষক জনাব মোছা: মমতাজ বেগম কর্তৃক দাখিলকৃত মহামান্য হাই কোর্টের রিট পিটিশন নং-৯৩৩/২০২০ এর আদেশ-এ ১২/০২/২০২০ তারিখের আবেদন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা কর্তৃক ২০/০৭/২০২০ তারিখের আদেশে নিয়ম মোতাবেক প্রয়োজনীয় অভিযোগ ফি দাখিল না করায় তঁার আবেদন পত্রটি প্রত্যাখান/নামঞ্জুর করে বিষয়টি নিষ্পত্তি করেছেন মর্মে উল্লেখ থাকায় বর্ণিত কলেজে পরে নিয়োগকৃত প্রভাষক (বাংলা) জনাব মোহাম্মদ ফোরকানুল ইসলামের এমপিওভুক্তির বিষয়ে সদয় নির্দেশ কামনা করা হয়।

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের পত্রের আলোকে শিক্ষা মন্ত্রণালয়ের সূত্রোক্ত ৪ নং স্মারক মোতাবেক পত্রে “কুমিল্লা জেলার ব্রাহ্মণপাড়া উপজেলার গোপালনগর আদর্শ কলেজের প্রভাষক (বাংলা) জনাব মোহাম্মদ ফোরকানুল ইসলাম এনটিআরসিএ কর্তৃক সুপারিশ প্রাপ্ত হয়ে বিধি মোতাবেক শূণ্যপদে কর্মরত থাকায় তঁার এমপিওভুক্তি করণের সুপারিশ করা হলো” মর্মে তা বাস্তবায়নের জন্য অনুরোধ করা হয়েছে।

এমতাবস্থায়, শিক্ষা মন্ত্রণালয়ের সুপারিশের প্রেক্ষিতে কুমিল্লা জেলার ব্রাহ্মণপাড়া উপজেলাধীন গোপালনগর আদর্শ কলেজের বাংলা বিষয়ের প্রভাষক জনাব মোহাম্মদ ফোরকানুল ইসলাম-এর এমপিওভুক্তির জন্য বিধি মোতাবেক অনলাইনে আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৫/০১/২১
(মো. আবদুল কাদের)
সহকারী পরিচালক (কলেজ-৩)
ফোনঃ ৯৫৫৬০৫৭

Email-ncollege@ dshe.gov.bd

অধ্যক্ষ

গোপালনগর আদর্শ কলেজ
ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, কুমিল্লা অঞ্চল, কুমিল্লা;
- ২। সভাপতি, পরিচালনা পরিষদ, গোপালনগর আদর্শ কলেজ, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা;
- ৩। শিক্ষা অফিসার (আইন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৪। জেলা শিক্ষা অফিসার, কুমিল্লা;
- ৫। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ব্রাহ্মণপাড়া, কুমিল্লা।
- ৬। সংরক্ষণ কপি।